গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ(আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

## প্রকল্প পরিবীক্ষণ ছক

**পরিদর্শনের তারিখ :** ৩০/০৬/২০১৮

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম :** মোহাম্মদ রফিকুল ইসলাম **পদবী :** মহাপরিচালক সেক্টর : ০৭

### ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১. **প্রকল্পের নাম ঃ** মতিঝিল সরকারি কলোনীতে বহুতল আবাসিক ভবন নির্মাণ

২. **প্রকল্পের ধরন (বিনিয়োগ/ কারিগরি সহায়তা/ সমীক্ষা) ঃ** বিনিয়োগ

৩.

৩.১ **অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্যঃ** জিও বি

৩.২ **উন্নয়ন সহযোগী ঃ** প্রযোজ্য নহে

৪.

৪.১ **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ** গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৪.২ **বাস্তবায়নকারী সংস্থা ঃ** গণপূর্ত অধিদপ্তর

৫. (ক) **প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্তঃ** (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট (লক্ষ টাকা) | জিওবি (লক্ষ টাকা) | প্রঃসাঃ | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ২০৬১৮.৮৭ | ২০৬১৮.৮৭ | - | - | জুলাই'২০১৪ খ্রিঃ হতে জুন ২০১৮ খ্রিঃ | ১৪-১০-২০১৪ | | |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে | ২২১৮৪.১৬ | ২২১৮৪.১৬ | | | | ২২-১০-২০১৭ | +৭.৫৯% | |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য়.......প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | |

(খ) **মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%) ঃ** ১৫৬৫.২৯ লক্ষ টাকা ( ৭.৫৯%)

(গ) **মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%) ঃ** প্রযোজ্য নহে

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে) ঃ

| বিভাগ | জেলা | উপজেলা/ থানা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | মতিঝিল | | |

৭. **প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত) ঃ**

- ঢাকায় সরকারি কর্মচারীদের আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে বহুতল বিশিষ্ট আবাসিক (২০ তলা) ভবন নির্মাণ;
- সরকারি কর্মচারীদের জীবন যাত্রার মান উন্নয়ন, দক্ষতা বৃদ্ধিকরণ এবং পরিবেশ ব্যবস্থার উন্নয়ন; এবং
- সুউচ্চ ববন নির্মাণ করে সরকারি অব্যবহৃত জমির সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৮. **অঙ্গভিত্তিক অগ্রগতি ঃ** **(লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | | ৬ | | ৭ | |
| | | | বাস্তব পরিমাণ /সংখ্যা | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১। | মতিঝিল সরকারি কলোনীতে বহুতল আবাসিক ভবন নির্মাণ | | | | ৪৫% | ৭৫৭৯.০০ | ৫৫% | ১৩১৪০.০০ | ১০০% | ২১২৬০.০০ |
| | | | | | | | | | | |

৯. **অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপির সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থাঃ**

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/ আর এপিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | | ২৫৭৯.০০ | | ২৫৭৯.০০ |
| ২০১৬-২০১৭ | | ৫০০০.০০ | | ৫০০০.০০ |
| ২০১৭-২০১৮ | | ১৩৬৮১.০০ | | ১৩৬৮১.০০ |

১০. **(ক) ডিপিপি /টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা ঃ ২৬ টি**
**(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য ঃ**

| প্যাকেজ | দরপত্র আহব্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নের বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| Package no. MOTI/**WD2** Construction of 2 nos. 20 storied buildings 650 sft.(152+76)=228 flats with internal sanitary & water supplyworks,anti-termite treatment and internal electrification works (building no. 01 & 04) at Motijheel Government Colony, Dhaka. | ১৪.০৫.২০১৫ ৬৪৯৫৪৯৭৯০.৬০টাকা | ২০.০১.২০১৬ ৬৪৯৪৯২০৩৯.৮৪ টাকা | ৩০.০৬.১৮ | ৩০.০৬.১৮ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Package no. MOTI/**WD3** Construction of 2 nos. 20 storied buildings 650 sft. 304 flats with internal sanitary & water supply works, anti-termite treatment and internal electrification works (building no. 02 & 03) at Motijheel Government Colony, Dhaka. | ১৪.০৫.২০১৫<br>৮৬৬০২৪২৬৬.৯০টাকা | ২০.০১.২০১৬<br>৮৬৫৩২২২৪৮.১৮ টাকা | ৩০.০৬.১৮ | ৩০.০৬.১৮ | |
| গভীর নলকূপ স্থাপন **(WD7)** | ১১.১০.২০১৭<br>৯৬৭৮৭৫৩.৯১ টাকা | ১৫.০১.১৮<br>৯৬৩৭৫৮৮.১৬ টাকা | ১৫.০৫.২০১৮ | ১৫.০৫.১৮ | |
| অভ্যন্তরীন রাস্তা **(WD8)** | ০৫.১১.২০১৭<br>২৯৪৮৭০৩৮.০৭ টাকা | ২০.০২.১৮<br>২৬৫৩৮৩৩৪.২৬ টাকা | ০৫.০৪.২০১৮ | ০৫.০৪.১৮ | |
| বহিঃস্থ পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন ব্যবস্থা **(WD7)** | ১৪.০২.২০১৮<br>**২১৩৬০৩১৯.৩২ টাকা** | ০৯.০৪.১৮<br>১৯২২৪২৮৭.৩৯ টাকা | ৩০.০৬.২০১৮ | ৩০.০৬.১৮ | |
| গ্যাস সংযোগ **(WD6)** | ১৪.০২.২০১৮<br>১৫১২৩১২১.৯৫ টাকা | ০৯.০৪.১৮<br>১৩৬১০৮৩৪.৮৫ টাকা | ৩০.০৬.২০১৮ | ৩০.০৬.১৮ | |
| সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট **(WD9)** | ০৪.০৩.২০১৮<br>২৭০৬৫৩৮০.৪৮ টাকা | ০৯.০৪.১৮<br>২৪৩৫৮৮৪২.৪৪ টাকা | ৩০.০৬.২০১৮ | ৩০.০৬.১৮ | |
| | | | | | |

**১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) ঃ**

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| জনাব শরিয়ত উল্লাহ পিইঞ্জ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা। | ১৮/১২/২০১৪ হতে ২৩/০৬/২০১৬ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব আবদুল কাদের চৌধুরী | ঐ | ২৮/০৬/২০১৬ হতে ০৮/০৮/২০১৬ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব এ.কে এম. গোলাম কবির | ঐ | ০৮/০৮/২০১৬ হতে ২৮/০৯/২০১৬ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব আব্দুল মোমেন চৌধুরী | ঐ | ০৪/১১/২০১৬ হতে ০৯/১০/২০১৬ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব মোঃ আরেফুর রহমান | ঐ | ০৯/১০/২০১৬ হতে ১৮/১০/২০১৭ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব ডঃ মোঃ মঈনুল ইসলাম | ঐ | ১৮/১০/২০১৭ হতে ১৭/০১/২০১৮ পর্যন্ত | অতিরিক্ত | | |
| জনাব মোঃ আবুল হোসেন | ঐ | ১৭/০১/২০১৮ হতে অদ্যাবধি | অতিরিক্ত | | |

১২. **ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনগাদ তথ্য(যদি থাকে) ঃ** সরকারি জমিতে ভবনসমূহ নির্মাণ করা হচ্ছে, অধিগ্রহণ প্রয়োজন হয়নি।

১৩. **অডিট সম্পাদন ও আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য ঃ**

১৪. **স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত ঃ** ১টি স্টিয়ারিং কমিটি ও ২টি পিআইসি সভা হয়েছে; ডিপিপি অনুযায়ী প্রয়োজন অনুযায়ী পিএসসি সভা এবং প্রতি মাসে ১টি পিআইসি সভা হওয়ার কথা।

১৫. **Project Management Infor mation System (PMIS)/ অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএম আই এস চালু হলে) :** আপাতত: প্রযোজ্য নয়।

## গ.প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) **পরিদর্শনকৃত এলাকা ঃ** মতিঝিল গভ: স্টাফ কোয়ার্টার, মতিঝিল, ঢাকা।

(খ) **পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ ঃ** প্রকল্পটি ইতোপূর্বে (গত ২৩/০৪/২০১৭ তারিখে) আইএমইডি'র মহাপরিচালক জনাব আল-মামুন পরিদর্শন করেছেন।

১৭. **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ**

ক. **অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপির সংস্থান প্রতিপালন:** প্রতিপালন করা হয়েছে।

খ. **পন্য কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:** অনুসরণ করা হয়েছে।

গ. **গুনগমান (প্রয়োজনে ল্যাব-টেষ্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):** প্রকল্পে ব্যবহৃত মালামাল আপাত দৃষ্টিতে ভাল বলে প্রতীয়মান হয়েছে।

* সম্পাদিত কাজ:

* ব্যবহৃত পণ্য/উপকরণ:

ঘ. **সাইট বই পর্যালোচনা (ভৌতকাজের ক্ষেত্রে):** সাইট বইয়ে সংশ্লিষ্ট প্রকৌশলীবৃন্দ সময়ে সময়ে মতামত/নির্দেশ দেয়ার বিষয় উল্লেখ আছে, তবে তা খুবই সংক্ষিপ্তভাবে উল্লেখ আছে।

ঙ. **বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):**

চ. **সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):** ফ্ল্যাটসমূহ নির্মাণ শেষে বরাদ্দ দেয়ার পর প্রযোজ্য হবে।

ছ. **অন্যান্য বিষয় (যদি থাকে):** বিধি/নিয়মানুযায়ী দ্রুত নির্মিত ফ্ল্যাটসমূহ বরাদ্দ দেয়া প্রয়োজন।

১৮. **সার্বিক পর্যবেক্ষণঃ**

১৮.১ সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়নাধীন প্রকল্পটি গত ৩০/০৬/২০১৮ তারিখ পরিদর্শন করি। পরিদর্শন সময়ে পিডব্লিউডি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জনাব মো: আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মদ আব্দুর রহিম রিপন এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৮.২ প্রকল্প স্থানে পূর্বে ৯টি পুরনো ৪ তলা ভবন ছিল। এ সব ভবন অত্যন্ত পুরনো ও ঝুঁকিপূর্ণ হওয়ায় তা ভেঙ্গে তদস্থলে ৪টি ২০ তলা ভবন নির্মাণ করা হয়েছে। এ সব ভবনে মোট ফ্ল্যাটের সংখ্যা ৫৩২টি। যার মধ্যে ভবন নং- ১, ২ ও ৩ এ প্রতি ফ্লোরে ৮টি ইউনিট হিসেবে (৬৫০ বর্গফুট আয়তনের) প্রতি ভবনে ১৫২টি ফ্ল্যাট এবং ভবন নং-৪ এ প্রতি ফ্লোরে ৪টি ইউনিট হিসেবে (৬৫০ বর্গফুট আয়তনের) মোট ৭৬টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান রয়েছে। ১, ২ ও ৩ নং ভবনে লিফটের সংখ্যা ৪টি এবং ৪নং ভবনে লিফটের সংখ্যা ২টি। উল্লেখ্য ৪নং ভবনটি শুধুমাত্র উক্ত এলাকায় বসবাসকারী পিডব্লিউডি'র কর্মচারীদের জন্য সংরক্ষিত। উল্লেখ্য, পিডব্লিউডি'র কর্মচারীদের জন্য ৪নং ভবনে ১৫২টি ফ্ল্যাটের পরিবর্তে ৭৬টি ফ্ল্যাট নির্মাণের সংস্থান গত ৩১/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের প্রথম সংশোধন সংশ্লিষ্ট বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভায় অনুমোদন করা হয়েছিল। পিডব্লিউডি কর্মচারীদের জন্য ১৫২টি ফ্ল্যাটের পরিবর্তে উক্ত ৪নং ভবনে ৭৬টি ফ্ল্যাট নির্মাণের কারণে সরকারের রাজস্ব আয় কম হবে এবং একই সাথে পাশাপাশি অন্য ভবনে বসবাসকারী কর্মচারীদের মধ্যে আগামীতে প্রতিক্রিয়া সৃষ্টির সম্ভাবনা রয়েছে। পরিদর্শন সময়ে বিদ্যুৎ লাইনের কাজ চলমান থাকায় লিফটের বহন ক্ষমতা পরীক্ষা করা যায়নি, তবে এগুলোর বহন ক্ষমতা ১০০০ কেজি (১২ জন) পর্যন্ত বলে সংশ্লিষ্ট প্রকৌশলী জানান।

১৮.৩ প্রসঙ্গত উল্লেখ্য যে, ৪টি ভবনে মোট ৫৩২টি ফ্ল্যাট থাকলেও ৩৫৯টি ফ্ল্যাটে গ্যাস সংযোগ দেয়া হবে; বাকীদেরকে (যারা নতুন বরাদ্দ পাবে) গ্যাস সংযোগ দেয়া হবেনা। একই এলাকায় এ ধরণের বৈষম্যের বিষয়টি দৃষ্টিকটু। যেহেতু উক্ত এলাকার বসবাসকারী পুরনো বরাদ্দ প্রাপ্ত কর্মচারী ও নতুন বরাদ্দ প্রাপ্তরা নিম্ন আয়ের সরকারি কর্মচারি; সেহেতু আগামীতে নতুন বরাদ্দ প্রাপ্তদেরকেও তাদের ফ্ল্যাটে গ্যাস সংযোগ দেয়ার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনা করা প্রয়োজন।

১৮.৪ নির্মিত ভবনসমূহে/ডিপিডিসি বিদ্যুৎ সংযোগ দিতে বেশ বিলম্ব হয়েছে। ৪টি ভবনে বিদ্যুৎ সংযোগের বিষয়ে ডিপিডিসি আলাদা ফিডার লাইন নির্মাণের পরামর্শ ছিল-এ জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হতো; কিন্তু প্রকল্পে উক্ত অঙ্গে ডিপিডিসি যাচিত অর্থ বরাদ্দ না থাকায় পরবর্তীতে বিদ্যমান লাইনের কিছু ক্যাপাসিটি বাড়িয়ে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৮.৫ প্রকল্পে আরবরিকালচার অঙ্গে ১২.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও পরিদর্শন সময়ে এ খাতে কোন টাকা ব্যয় না করার বিষয়টি পরিলক্ষিত হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে আরবরিকালচার সংশ্লিষ্ট কাজ শেষ হবে বলে প্রকল্প কর্তৃপক্ষ অবহিত করেন। ইতোমধ্যে গাছ লাগানোর জন্য জমি প্রস্তুত করা হয়েছে। ভবনসমূহ আগামী ০৭/০৭/২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের কথা রয়েছে-তাই দ্রুত কাজ শেষ করা দরকার।

১৯. **প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:**




প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ

২০. **সুপারিশ/মতামত :**

২০.১ নির্মিত ৪টি ভবনে ডিপিডিসি কর্তৃক দ্রুত বিদ্যুৎ সংযোগ দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.২ প্রকল্পের আরবরিকালচার ও সৌন্দর্যবর্ধন সংশ্লিষ্ট অর্থ (১২.০০ লক্ষ টাকা) সঠিকভাবে ব্যয়পূর্বক রোপিত গাছের চারা রক্ষণাবেক্ষণের বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে;

২০.৩ পুরনো বরাদ্দপ্রাপ্তদের সাথে আগামীতে ফ্ল্যাটের নতুন বরাদ্দপ্রাপ্ত কর্মচারিদের গ্যাস সংযোগ দেয়ার বিষয়ে সুপারিশ করা হলো। এ ব্যাপারে প্রশাসনিক মন্ত্রণালয় জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং তিতাস গ্যাস কর্তৃপক্ষের সাথে জরুরী ভিত্তিতে সভা আয়োজনপূর্বক সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে;

২০.৪ জুন, ২০১৮ পরবর্তী অর্থাৎ প্রকল্প শেষে বরাদ্দযোগ্য খালি ফ্ল্যাটসমূহ দ্রুত নিয়মানুযায়ী কর্মচারিদের বরাদ্দ দিয়ে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করা বাঞ্ছনীয়। ৪নং ভবনে বরাদ্দযোগ্য পিডব্লিউডি'র কর্মচারী পাওয়া না গেলে অন্য সরকারি কর্মচারীদের (ফ্ল্যাট খালি না রেখে) দ্রুত ফ্ল্যাট বরাদ্দ দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৫ প্রকল্পের আওতায় নির্মিত ৪টি নতুন ভবন রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় ফ্ল্যাটে বসবাসকারী অধিবাসীদেরকে সম্পৃক্ত করা বাঞ্ছনীয়, একই সাথে নির্মিত ৪টি ভবনের সুন্দর নাম দিয়ে সহজে চিহ্নিত করার পরামর্শ দেয়া হলো; এবং

২০.৬ প্রকল্প চলাকালীন কোন অডিট আপত্তি থাকলে তা যথারীতি নিষ্পত্তিসহ প্রকল্প শেষে সেপ্টেম্বর, ২০১৮ এর মধ্যে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর :
নাম : মোহাম্মদ রফিকুল ইসলাম
পদবী : মহাপরিচালক
ফোন: ৯১৮০৬০৬

৫/৭/১৮

মোহাম্মদ রফিকুল ইসলাম
মহাপরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার